# প্রধানমন্ত্রী হিসেবে শপথ গ্রহণ করলেন তারেক রহমান



প্রধানমন্ত্রী তারেক রহমান। ছবি: সংগৃহীত

বিএনপির চেয়ারম্যান তারেক রহমান দেশের ১১তম প্রধানমন্ত্রী হিসেবে শপথ গ্রহণ করেছেন। মঙ্গলবার বিকেলে জাতীয় সংসদ ভবনের দক্ষিণ প্লাজায় আয়োজিত অনুষ্ঠানে রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন তাকে শপথবাক্য পাঠ করান।

প্রচলিত নিয়ম মেনে জাতীয় সংগীত পরিবেশন ও পবিত্র কোরআন তিলাওয়াতের মধ্য দিয়ে অনুষ্ঠান শুরু হয়। প্রথমে প্রধানমন্ত্রী হিসেবে শপথ নেন তারেক রহমান, এরপর রাষ্ট্রপতির কাছ থেকে গোপনীয়তার শপথও গ্রহণ করেন। আনুষ্ঠানিক স্বাক্ষরের মাধ্যমে তিনি দায়িত্ব গ্রহণ সম্পন্ন করেন।

এরপর একে একে ২৫ জন মন্ত্রী এবং পরে ২৪ জন প্রতিমন্ত্রী শপথ নেন। প্রত্যেকে শপথ পাঠ ও স্বাক্ষর শেষে আনুষ্ঠানিকতা শেষ করেন। পুরো অনুষ্ঠান সঞ্চালনা করেন মন্ত্রিপরিষদ সচিব নাসিমুল গনি।

শপথ অনুষ্ঠানে তারেক রহমানের সঙ্গে উপস্থিত ছিলেন তার স্ত্রী জুবাইদা রহমান ও কন্যা জায়মা রহমান। অনুষ্ঠানে আরও ছিলেন প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসসহ দেশি-বিদেশি প্রায় এক হাজার অতিথি।

LENS ASIA